

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১	২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
ক্রমিক নং-২	পূর্বানুমোদিত দর।
ক্রমিক নং-৩	প্রাক্কলন।
ক্রমিক নং-৪	প্রতিবেদন।

বিষয়: Cleaning existing sewer line, inspection pit and ancillary works of DTW Toilet of DMA-612 & 615 under MODS Zone-6, Dhaka WASA.


অনুচ্ছেদ: ১.০ উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং জনবহুল এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং পানি সরবরাহ করা হয়ে থাকে। মডস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন এলাকায় সারফেস ওয়াটার ও গভীর নলকূপ হতে পানি সরবরাহ করা হয়ে থাকে। অত্র জোনের আওতাধীন ডিএমএ-৬১২ ও ৬১৫ এর আওতাধীন বিদ্যমান গভীর নলকূপ কম্পাউন্ডে কূপ হতে পানি সরবরাহ করা হয়। উল্লেখ্য ডিএমএ-৬১২ ও ৬১৫ এর আওতাধীন বিভিন্ন পাম্প কম্পাউন্ডে পানির কূপ পরিচালনা করার জন্য তিন শিফটে পাম্প অপারেটর এর মাধ্যমে পরিচালনা করা হয়ে থাকে। উক্ত পাম্প সমূহ পরিচালনা করার জন্য অপারেটরদের দীর্ঘ সময় পাম্প হাউজে অবস্থান করতে হয়। এই সময়ে পাম্প অপারেটররা পাম্প হাউজের টয়লেট ব্যবহার করেন। উল্লেখ্য পাম্পের অপারেটরগন অভিযোগ করেন বিদ্যমান টয়লেটের প্যান ভেঙ্গে গিয়েছে, ইন্সপেকশন পিট ক্ষতিগ্রস্ত হয়েছে, সার্ভিস লাইন মাঝে মাঝে ব্লকেজ হওয়ার কারনে পয়ঃনিষ্কাশন বাধা প্রাপ্ত হয় এবং টয়লেট ব্যবহারের অনুপযোগী হয়ে যায়। ফলে বিভিন্ন সময় পাম্পের নিকটস্থ স্থানে টয়লেট ব্যবহার করতে বাহিরে যেতে হয়, এছাড়া রাত্রি কালীন সময় খুবই বেশী অসুবিধার সম্মুখীন হতে হয়। সার্বিক দিক বিবেচনা করে বিদ্যমান পাম্প হাউজের টয়লেট এর প্যান, বিব কক, পয়ঃসার্ভিস লাইন, পয়ঃপিট, এবং ইন্সপেকশন পিট সমূহ নির্দিষ্ট সময় পর পর পরিষ্কার পরিচ্ছন্ন করে টয়লেট সচল রাখা প্রয়োজন। যার ফলে পাম্প কর্মরত পাম্প অপারেটরগন তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করতে পাম্প হাউজে ও কম্পাউন্ডে সুন্দর পরিবেশ পাবে বলে আশা করা যায়।

অনুচ্ছেদ: ১.১ নির্দেশনা মোতাবেক পয়ঃলাইন ব্লকেজ অপসারণ, ক্লিনিং এবং মাটি অপসারণ কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, পিডাব্লিউডি-২০২২ এর দর, ও পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৩ সদয় দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মূল্য দাঁড়িয়েছে টাঃ ৪,৯৭,৮৭৫.৮৫৭ (চার লক্ষ সাতানব্বই হাজার আট শত পঁচাত্তর দশমিক আট পাঁচ সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃলাইন রক্ষনাবেক্ষণ খাত কোড নং-০১-০৪-০০২ এর ক্রমিক নং- বি-১৪.১০৪.১৫ হতে ব্যয় নির্বাহ করা হবে যা, ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা আছে (সংযুক্তি-১)। আলোচ্য ক্রয় কাজ বাস্তবায়নে ও চুক্তি বাস্তবায়নের Procuring Entity হিসেবে থাকবেন Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন “প্রধান প্রকৌশলী” মহোদয়।

অনুচ্ছেদ: ১.২ এমতাবস্থায়, Cleaning existing sewer line, inspection pit and ancillary works of DTW Toilet of DMA-612 & 615 under MODS Zone-6, Dhaka WASA শীর্ষক পাম্পের পয়ঃলাইন রক্ষনাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন:

ক) আলোচ্য পানির পাম্পের পয়ঃলাইন ও আনুষঙ্গিক রক্ষনাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও কারিগরী অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত টাঃ ৪,৯৭,৮৭৫.৮৫৭ (চার লক্ষ সাতানব্বই হাজার আট শত পঁচাত্তর দশমিক আট পাঁচ সাত) টাকা মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।



গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ ৪,৯৭,৮৭৫.৮৫৭ (চার লক্ষ সাতানব্বই হাজার আট শত পঁচাত্তর দশমিক আট পাঁচ সাত) প্রাক্কলনটি "দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরি অনুমোদন।

ঘ) বর্ণিত কাজটি অতীব জরুরী বিধায় PPA-2006, PPR-2025 এর ৪র্থ অধ্যায়ের অংশ-২ এর ৮০(১) বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে দরপত্র আহ্বান ও সম্পাদনের অনুমোদন।

আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন যা, সবনিয়ে পেশ করা হল।

Andip
18.05.26.

AE
Hossain
18.05.26

EB
Ram
18.05.26

SE, Mass circle-1

had
27/05/26

সম্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬
ঢাকা ওয়াসা।

মোঃ আসিফ হোসনাইন
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

মোঃ আফজাল হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

১.৬৭ ইয়ুট অনুমোদিত,

Len, zone 6

Tamir
19/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CE